

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৪৮]

৩। হায়য ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ২২. কেবল বীর্যপাত হলেই গোসল করতে হবে, এ হুকুম রহিতকরণ।

باب نَسْخِ " الْمَاءُ مِنَ الْمَاءِ " وَوُجُوبِ الْفُسْلِ بِالْتِقَاءِ الْخِتَانَيْنِ

আরবী

وَحَدَّتَنِي زُهَيْرُ بْنُ حَرْب، وَأَبُو غَسَّانَ الْمِسْمَعِيُّ ح وَحَدَّتَنَاهُ مُحَمَّدُ بْنُ الْمُثَنَى، وَابْنُ، بَشَّارٍ قَالُوا حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ، قَالَ حَدَّثَنِي أَبِي، عَنْ قَتَادَةَ، وَمَطَرٍ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي وَالْحَسَنِ، عَنْ أَبِي مُرَيْرَةَ، أَنَّ نَبِيَّ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا جَلَسَ بَيْنَ شُعَبِهَا الأَرْبَعِ ثُمَّ جَهَدَهَا فَقَدْ وَجَبَ عَلَيْهِ الْغُسْلُ ". وَفِي حَدِيثِ مَطَرٍ " وَإِنْ لَمْ يُنْزِلْ ". قَالَ زُهَيْرٌ مِنْ بَيْنِهِمْ " بَيْنَ أَشْعُبِهَا الأَرْبَع ".

বাংলা

৬৭০-(৮৭/৩৪৮) যুহায়র ইবনু হারব ও আবৃ গাসসান আল মিসমাঈ, মুহাম্মদ ইবনু আল মুসান্না ও ইবনু বাশশার (রহঃ) আবৃ হুরাইরাহ (রাযিঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যখন কেউ তার স্ত্রীর চার-হাত পায়ের মাঝখানে বসবে এবং তার সাথে মিলবে তখন তার উপর গোসল ফর্য হবে।

মাতার-এর হাদীসে 'যদিও বীর্য বের না করে'- বাক্যটি অতিরিক্ত রয়েছে। যুহায়র বলেছেন, তাদের মধ্য হতে কেউ যদি নারীর চার শাখার মধ্যে বসে*। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৭৪, ইসলামিক সেন্টারঃ ৬৮৯)

English

Chapter: Abrogation of "water is for water", and that it is obligatory to perform ghusl when the two circumcised parts meet

Abu Huraira reported: The Apostle of Allah (ﷺ) said: When a man has sexual intercourse, bathing becomes obligatory (both for the male and the female). In the hadith of Matar the words are: Even if there is no orgasm. Zuhair has narrated it with a minor alteration of words.

ফুটনোট



* নারীর চার শাখা বলতে তার দু'হাত ও দু'পা বুঝানো হয়েছে। তবে কেউ কেউ বলেন, নারীর যোনীর চার পাশ। ইমাম নাবাবী (রহঃ) বলেন, নারীর যোনীর মধ্যে পুরুষাঙ্গ প্রবেশ করলে, উভয়ের উপর গোসল ফর্য হয়। এক সময় এ সম্বন্ধে সাহাবাদের মাঝে মতানৈক্য থাকলেও পরবর্তী সময়ে গোসল ফর্য হওয়ার উপর ইজমা বা ঐকমত্য স্থাপন হয়ে গেছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন